

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

শিয়ালকোল, সিরাজগঞ্জ

E-mail:

Sirajgonjpbs02@gmail.com

নম্বর ২৭.১২.৮৮৭৮.৫৭৩.০২.০০৮.২১.৪৬৫৪

তারিখ: ২৩ শ্রাবণ ১৪২৮

০৭ আগস্ট ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়: আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রসঙ্গে।

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২-এ মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হইতে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা হইতেছে। আবেদনকারীর যোগ্যতা সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতাদি	প্রার্থীর যোগ্যতা
০১	মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)	<p>বাপবিবোর্ডের স্মারক নম্বরঃ ২৭.১২.০০০০.১১০.৬২.০০২. ১৯.২৬৫৬, তারিখঃ ০৯/১০/২০১৯খ্রিঃ</p> <p>মোতাবেক পূর্বতন পবিসে ০৯ বছর (০৩ টি) চুক্তি সমাপ্তির পর সংশ্লিষ্ট পবিসের শেষ বেতনের প্রত্যায়ন পত্র অনুযায়ী মূলবেতন ও অন্যান্য ভাতাদি প্রযোজ্য হইবে।</p>	<p>বয়স সীমাঃ প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৫২ (বায়ান) বছর (২২/০৮/২০২১খ্রিষ্টাব্দ তারিখে)। তবে সর্বোচ্চ ০৯ বছরের চুক্তি বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যাহা আগে আসে) চাকুরী করিতে পারিবেন।</p> <p>অভিজ্ঞতাঃ আগ্রহী প্রার্থীগণের মিটার রিডার /ম্যাসেঞ্জার / মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তি ভিত্তিক) পদে ০৩ বছর/ ০৬ বছর/ ০৯ বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকিতে হইবে। বাপিবিবোর্ডের স্মারক নম্বরঃ ২৭.১২.০০০০.১১০.৫৮০.০১.১৮.৩৬২৫, তারিখঃ ১২/১১/২০১৮খ্রিঃ তারিখের নির্দেশনা অনুসরণ করিয়া চাকুরীকাল (On the job Service Length) বিবেচনা করতঃ জৈষ্ঠ্যতা নির্ধারণ পূর্বক নিয়োগ/প্যানেল প্রস্তুত করা হইবে।</p> <p>অন্যান্য যোগ্যতাঃ</p> <p>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।</p> <p>(খ) প্রার্থীর নিজস্ব বাই সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।</p> <p>(গ) প্রার্থীকে পাটিগনিতের মৌলিক বিষয় অর্থাৎ যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।</p>

